



প্রফেসর আনোয়ারুল আজিম আরিফকে আইআইইউসির উপাচার্য নিয়োগ

রাষ্ট্রপতি ও চ্যান্সেলর আবদুল হামিদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর মো. আনোয়ারুল আজিম আরিফকে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর উপাচার্য পদে নিয়োগ দিয়েছেন। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ৩১(১) ধারা অনুযায়ী আগামী চার বছরের জন্য তাকে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর উপাচার্য পদে নিয়োগ দেন। ২৮ জুলাই শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ এর উপ-সচিব শামিমা বেগম স্বাক্ষরিত একপত্রের মাধ্যমে রাষ্ট্রপতির এই আদেশটি আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের কাছে পাঠানো হয়।

বিজ্ঞপ্তি